পৃষ্ঠা ৬ কলাম ৩

# সেশনজটের মধ্যেই ইবিতে আজ থেকে শুরু হচ্ছে স্নাতক প্রথম বর্ষের ক্লাস

**ইবি সংবাদদাতা ॥** কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে আজ রবিবার থেকে প্রথমবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ছাত্রছাত্রীদের ক্লাস শুরু হচ্ছে। চার বছরেরও বেশি সময় সেশনজট মাথায় নিয়ে ২০০০-২০০১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত অনেক ছাত্রছাত্রী ইতোমধ্যেই সেশনজটের মাত্রা দেখে চিন্তিত হয়ে পড়েছে। '৯৩-'৯৪ শিক্ষাবর্ষের এমএ পরীক্ষা অদ্যাবধি অনুষ্ঠিত হয়নি। বেশ কয়েকটি বিভাগের অনার্স ফাইনাল ইয়ারের পরীক্ষাও অনুষ্ঠিত হয়নি। আবার পরীক্ষা অনুষ্ঠিত হলেও অনির্ধারিতভাবে ক্যাম্পাস বন্ধ থাকা, ঘনঘন ভাংচুর ও ছাত্র সংঘর্ষ, সময়মতো সিলেবাস শেষ না করা, ফল প্রকাশে শিক্ষকদের অহেতুক বিলম্ব, একজন শিক্ষককে একাধিক দায়িত্ব পালনসহ কারণে-অকারণে পরীক্ষা পিছানোর জন্য ইসলামী বিশ্ববিদ্যালয়ে দীর্ঘ সেশনজট সৃষ্টি হয়েছে। চার বছরের শিক্ষা কার্যক্রম শেষ করতে আট বছরেও কুলিয়ে ওঠা সম্ভব হয়ে উঠছে না। প্রায় প্রতিটি বিভাগের প্রতি শিক্ষাবর্ষেই একাধিক ব্যাচ রয়েছে। এক বছরের কোর্স শেষ করতে আড়াই বছর লেগে যাচ্ছে। ১৬ মাসেও পরীক্ষার ফল প্রকাশ হয়নি এমন বিভাগও রয়েছে। সেশনজট নিরসনের লক্ষ্য নিয়ে পাঁচ বছর আগে একবার একাডেমিক ক্যালেন্ডার প্রকাশ হলেও পুনরায় তা প্রকাশ হয়নি। কি দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীদের নিকট সেশনজট কাল হয়ে দাঁড়িয়েছে।